

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১২, ২০২২

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
প্রজ্ঞাপন

তারিখ: ১৪ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/২৭ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-১০০-আইন/২০২২।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১২২ এ প্রদত্ত ক্ষমতাবলে রাজশাহী সিটি কর্পোরেশন, সরকারের নির্দেশক্রমে, নিম্নরূপ উপ-আইন প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম।—এই উপ-আইন রাজশাহী সিটি কর্পোরেশন ইমারত নির্মাণ ও পুনঃনির্মাণ ফি উপ-আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই উপ-আইনে—

(১) ‘আইন’ অর্থ স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন);

(২) ‘কর্পোরেশন’ অর্থ রাজশাহী সিটি কর্পোরেশন; এবং

(৩) ‘পরিশিষ্ট’ অর্থ এই উপ-আইনের পরিশিষ্ট।

(২) এই উপ-আইনে যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

(১১৮৪৫)

মূল্য : টাকা ১২.০০

৩। ইমারত নির্মাণ ও পুনর্নির্মাণ ফি নির্ধারণ।—ইমারত নির্মাণ ও পুনর্নির্মাণে নিম্নরূপ ফি আরোপ করা যাইবে, যথা:—

(ক) আবাসিক ভবনের জন্য ধার্যকৃত ফি নিম্নরূপ, যথা:—

ক্রমিক নং	প্রস্তাবিত প্ল্যানে ভবন প্রতি (মোট বর্গফুট)	নির্ধারিত ফি (টাকা)	বাড়ির ধরণ	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	৩০০০ বর্গফুট পর্যন্ত	২০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
২।	৩০০১ বর্গফুট হইতে ৪০০০ বর্গফুট পর্যন্ত	৪০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৩।	৪০০১ বর্গফুট হইতে ১২০০০ বর্গফুট পর্যন্ত	৬০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৪।	১২০০১ বর্গফুট হইতে ১৬০০০ বর্গফুট পর্যন্ত	৮০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৫।	১৬০০১ বর্গফুট হইতে ২০০০০ বর্গফুট পর্যন্ত	১০০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৬।	২০০০১ বর্গফুট হইতে ২৪০০০ বর্গফুট পর্যন্ত	১২০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৭।	২৪০০১ বর্গফুট হইতে ৩০০০০ বর্গফুট পর্যন্ত	১৪০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৮।	৩০০০১ বর্গফুট হইতে ৪০০০০ বর্গফুট পর্যন্ত	১৬০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৯।	৪০০০১ বর্গফুট হইতে ৫০০০০ বর্গফুট পর্যন্ত	১৮০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
১০।	৫০০০১ বর্গফুটের উর্ধ্ব	২০০০০	যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	

:

(খ) বাণিজ্যিক বা সরকারি বা স্বায়ত্বশাসিত ভবনের জন্য ধার্যকৃত ফি নিম্নরূপ, যথা:—

ক্রমিক নং	প্রস্তাবিত প্ল্যান (মোট বর্গফুট)	প্রতি বর্গফুটের জন্য প্রদেয় ফি (টাকা)	বাড়ির ধরন	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	৩০০০ বর্গফুট পর্যন্ত	১.০০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
২।	৩০০১ বর্গফুট হইতে ৮০০০ বর্গফুট পর্যন্ত	১.৫০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৩।	৮০০১ বর্গফুট হইতে ১২০০০ বর্গফুট পর্যন্ত	২.০০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৪।	১২০০১ বর্গফুট হইতে ১৬০০০ বর্গফুট পর্যন্ত	২.৫০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৫।	১৬০০১ বর্গফুট হইতে ২০০০০ বর্গফুট পর্যন্ত	৩.০০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৬।	২০০০১ বর্গফুট হইতে ২৪০০০ বর্গফুট পর্যন্ত	৩.৫০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৭।	২৪০০১ বর্গফুট হইতে ৩০০০০ বর্গফুট পর্যন্ত	৪.০০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৮।	৩০০০১ বর্গফুট হইতে ৪০০০০ বর্গফুট পর্যন্ত	৪.৫০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	
৯।	৪০০০১ বর্গফুটের উর্ধ্বে	৫.০০	ডেভলপার বা যৌথ বা ব্যক্তি মালিকানায় নির্মিত বাড়ি	

(গ) আংশিক আবাসিক ও আংশিক বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মিত ভবনকে মিশ্র ভবন হিসাবে চিহ্নিত করিতে হইবে এবং উক্ত ভবনের জন্য আনুপাতিক হারে আবাসিক অংশের আবাসিক ফি এবং বাণিজ্যিক অংশের জন্য বাণিজ্যিক ফি প্রযোজ্য হইবে; এবং

(ঘ) জরুরি প্রয়োজনে কোনো ইমারত নির্মাণ ও পুনর্নির্মাণের আবেদন করিতে হইলে উক্ত আবেদনের জন্য উপরিউক্ত ফি'র সহিত অতিরিক্ত ৫,০০০ (পাঁচ হাজার) টাকা জমা প্রদান করিতে হইবে।

৪। ছাড়পত্র প্রদানের নিয়মাবলি।—(১) কর্পোরেশন এলাকায় ভবন নির্মাণের ক্ষেত্রে কর্পোরেশন হইতে পরিশিষ্ট-৩ এ বর্ণিত ছাড়পত্র সংগ্রহ করিতে হইবে এবং উক্ত ছাড়পত্রের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর।

(২) কর্পোরেশন এলাকায় ভূমির মালিক বা প্রতিষ্ঠান রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নিকট বাড়ির প্ল্যান অনুমোদনের পূর্বে কর্পোরেশনের নিকট ছাড়পত্র গ্রহণের জন্য পরিশিষ্ট-১ অনুযায়ী আবেদন করিবে।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন আবেদনটি কর্পোরেশন কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মচারী কর্পোরেশনের অনুমোদিত পদ্ধতিতে উপর্যুক্ত কর্মচারী দ্বারা তদন্ত করিয়া বা তদন্ত ব্যতীত ছাড়পত্র প্রদানের দায়িত্ব পালন করিবেন এবং উক্ত আবেদন ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

(৪) তদন্তের প্রয়োজন হইলে তদন্তকারী কর্মচারী পরিশিষ্ট-২ এ বর্ণিত বিষয়াবলি উপর তাহার তদন্ত সম্পাদন করিবেন।

(৫) জরুরি প্রয়োজনে অতিরিক্ত ফি প্রদান করিয়া ছাড়পত্র প্রাপ্তির আবেদন করিলে উক্ত আবেদনটি ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

(৬) ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত সময়ের মধ্যে কর্পোরেশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোনো কর্মচারী কর্পোরেশন এলাকায় যে কোনো নির্মিত বা নির্মাণাধীন ভবন পরিদর্শন করিতে পারিবেন।

(৭) কর্পোরেশন যুক্তিসঙ্গত কারণ প্রদর্শনপূর্বক ছাড়পত্র প্রদানের আবেদন প্রত্যাখান বা স্থগিত করিতে পারিবে।

(৮) ছাড়পত্রের মেয়াদ ৩ (তিন) বৎসর অতিক্রান্ত হওয়ার পূর্বে ভবন নির্মাণ আরম্ভ না করিলে ছাড়পত্রের জন্য পুনরায় নূতন আবেদন করিতে হইবে।

(৯) দায়িত্বপ্রাপ্ত কর্মচারী পরিশিষ্ট-৩ মোতাবেক ছাড়পত্র প্রদান করিবেন।

৫। বিশেষ বিধান।—(১) ছাড়পত্রে উল্লিখিত ভবনের আয়তন বা পরিমাপ যাহাই থাকুক না কেন রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশায় উল্লিখিত পরিমাপের কম বা বেশি স্থানে ভবন নির্মাণ করা যাইবে না।

(২) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ভবন নির্মাণ করিতে হইবে।

৬। অপরাধ।—কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই উপ-আইনের কোনো বিধান লঙ্ঘন করিলে উহা স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৯২ এর অধীন দণ্ডনীয় অপরাধ হইবে।

৭। আপিল।—এই উপ-আইনের অধীন গৃহীত কোনো সিদ্ধান্তে কোনো ব্যক্তি সংক্ষুব্ধ হইলে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী বরাবর আপিল করিতে পারিবেন এবং এইক্ষেত্রে উক্ত আপিল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

পরিশিষ্ট-১

[অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (২) দ্রষ্টব্য]

রাজশাহী সিটি কর্পোরেশন

নগর ভবন, রাজশাহী।



ইमारত নির্মাণ ও পুনর্নির্মাণ ফি ধার্যকরণ আবেদন ফরম

- ১। আবেদনকারীর নাম :
- ২। পিতা/স্বামীর নাম :
- ৩। মাতার নাম :
- ৪। স্থায়ী ঠিকানা :
- মহল্লা: ওয়ার্ড নং:
- থানা: ডাকঘর:
- ৫। বর্তমান ঠিকানা :
- মহল্লা: ওয়ার্ড নং:
- থানা: ডাকঘর:
- ৬। আবেদনকারীর টেলিফোন/মোবাইল নং :
- ৭। জাতীয়তা :
- ৮। জাতীয় পরিচয়পত্র নং :
- ৯। পেশা :
- ১০। ছাড়পত্র পাইতে ইচ্ছুক ভবন/ইমারতের তফসিল :
 - (ক) এলাকা/মহল্লার নাম :
 - (খ) মৌজার নাম :
 - (গ) জমির শ্রেণি :
 - (ঘ) জে. এল. নং :
 - (ঙ) রাস্তার নাম/নং :
 - (চ) আর. এস. দাগ নং :
 - (ছ) থানার নাম :
 - (জ) জেলার নাম :
 - (ঝ) নির্মিতব্য ভবনের জমির পরিমাণ :
 - (ঞ) ভবন বা ইমারতের তলার সংখ্যা :
 - (ট) ভবন বা ইমারতের মোট আয়তন :

১১। কেবল জরুরি প্রয়োজনে দ্রুত ছাড়পত্র গ্রহণের ক্ষেত্রে নির্ধারিত ফি'র সহিত অতিরিক্ত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জমা প্রদান করিতে হইবে।

১২। আমি বা আমরা রাজশাহী সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় ইমারত নির্মাণ বা পুনর্নির্মাণ ফি'র ছাড়পত্র গ্রহণের জন্য আবেদনকৃত জমির প্রয়োজনীয় মালিকানা প্রমাণপত্রসহ নিয়মানুযায়ী মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন বরাবর—

প্রস্তাবিত ভবনের ফি: (ক) আবাসিক ভবন

(খ) বাণিজ্যিক ভবন

(গ) জরুরি ফি

মোট =

১৫% ভ্যাট প্রযোজ্য

সর্বমোট = টাকা জমা

প্রযোজ্য না হইলে 'x' চিহ্ন দিন

পেঅর্ডার/ব্যাংক ড্রাফট নং তারিখ টাকা ব্যাংক
..... মারফত জমা করিয়াছি।

হলফ নামা

এই মর্মে ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রের সহিত সংযুক্ত সকল মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র ও বর্ণিত তথ্যাদিসমূহের বিবরণ সম্পূর্ণ সত্য এবং কোনো কাগজপত্র অসত্য প্রামাণিত হইলে আবেদন বাতিলসহ দাখিলকৃত ফি বাজেয়াপ্ত করণে আমার/আমাদের কোনো আপত্তি নাই।

আবেদনকারীর/আবেদনকারীগণের নাম ও স্বাক্ষর/টিপসহি

.....
.....

পরিশিষ্ট-২

(তদন্ত প্রতিবেদন)

[অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (৪) দ্রষ্টব্য]

অফিস কার্যক্রম

- ১। উক্ত এলাকাটি সিটি কর্পোরেশন নাগরিক সেবার অন্তর্ভুক্ত কি না?.....
- ২। সিটি কর্পোরেশন কর্তৃক কি কি নাগরিক সেবা প্রদান করা হইয়া থাকে:.....
.....
- ৩। সিটি কর্পোরেশনের নাগরিক সেবা গ্রহণের সম্ভাব্য সংখ্যা:.....
- ৪। জমির শ্রেণি:
- ৫। জমি বা ইমারতের অবস্থান: মহল্লার নাম-.....থানার নাম-.....
ওয়ার্ড নং-.....মৌজার নাম-.....
জে. এল. নং বা সেক্টর নং-.....
আর.এস. দাগ নং বা প্লট নং-.....
জমির পরিমাণ-.....
ইমারত টি কত তলা বিশিষ্ট-.....
ইমারতটির মোট আয়তন-.....
- ৬। ভূমিটি সিটি কর্পোরেশনের কোনো উন্নয়ন প্রকল্পে অথবা অন্য কোনো কার্যে ব্যবহার্য হইবে কি না:.....
.....
.....
- ৭। ভূমিটি কর্তৃপক্ষের বা অন্য কোনো সংস্থার উন্নয়ন পরিকল্পনাভুক্ত কি না:.....
.....
- ৮। ভূমির মালিকানা সংক্রান্ত দলিলাদি ঠিক আছে কি না:.....
- ৯। উন্নয়ন কর্তৃপক্ষের ভূমি ব্যবহারের ছাড়পত্র আছে কি না:.....
- ১০। অন্যান্য:.....
.....
.....

তদন্তকারী কর্মচারী
রাজশাহী সিটি কর্পোরেশন

পরিশিষ্ট-৩

[অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (১) দ্রষ্টব্য]

(ছাড়পত্র)

রাজশাহী সিটি কর্পোরেশন
নগর ভনব, রাজশাহী

স্মাকর নং:

তারিখ:

বিষয় : ইমারত নির্মাণ ও পুনর্নির্মাণ ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

..... এর আবেদনের প্রেক্ষিতে, নিম্ন তফসিলভুক্ত জমিটি রাজশাহী সিটি কর্পোরেশনের.....নং ওয়ার্ডের.....মহল্লায়

.....রাস্তার..... পার্শ্বে অবস্থিত এবং আবেদনকারীকে নিম্নলিখিত শর্তে সর্বোচ্চ তলার সর্বোচ্চ বর্গফুট পর্যন্ত ভবন নির্মাণের অনাপত্তি/ছাড়পত্র প্রদান করা হইল, যথা:—

১। ছাড়পত্রের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর এবং উক্ত ৩ (তিন) বৎসর অতিবাহিত হইলে পুনরায় একইভাবে আবেদন করিতে হইবে।

২। আবেদনকারী ছাড়পত্রে উল্লিখিত পরিমাণের তলা ও আয়তনের ভবন নির্মাণ প্রক্রিয়ায় বিল্ডিং কোডসহ প্রচলিত সংশ্লিষ্ট আইন ও উন্নয়ন কর্তৃপক্ষের নির্দেশনা বা আদেশ মানিয়া চলিবেন।

৩। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদিত প্ল্যানের বিপরীতে অতিরিক্ত তলা/কোনো স্থাপনা নির্মাণ করিলে সিটি কর্পোরেশন উহার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৪। ভবন নির্মাণের ক্ষেত্রে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনুমোদিত তালিকাভুক্ত স্নাতকধারী সিভিল ইঞ্জিনিয়ার/আর্কিটেকের তত্ত্বাবধানে নির্মাণ কার্য সম্পন্ন করিতে হইবে।

৫। কর্পোরেশন যথাযথ কারণ প্রদর্শনপূর্বক ছাড়পত্র স্থগিত বা প্রত্যাহার করিতে পারিবে।

ভূমির তফসিল:

মোজা :
জে.এল. নং :
খতিয়ান নং :
আর.এস. দাগ নং :
জমির শ্রেণি :
ভূমির পরিমাণ :

প্রাপক:

নাম:
পিতা/স্বামীর নাম:
হেল্ডিং নং:
মহল্লা: থানা:
ডাকঘর: ওয়ার্ড:
জেলা:দায়িত্বপ্রাপ্ত কর্মচারী
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মাকর নং:

তারিখ:

অনুলিপি:

প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।

দায়িত্বপ্রাপ্ত কর্মচারী
রাজশাহী সিটি কর্পোরেশন

সিটি কর্পোরেশনের আদেশক্রমে

ড. এ. বি. এম. শরীফ উদ্দিন
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন।মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www. bgpress.gov.bd